

A-10  
 ১৭/১১/১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 মন্ত্রিপরিষদ বিভাগ  
 স্মৃতি প্রশাসন সংস্থাপন অধিশাখা  
 www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৩.০৭.০০১.১৯.৬৫৫

বিষয়: বিভাগ/জেলা/উপজেলা পর্যায়ে অনুষ্ঠেয় সভার তারিখ সুনির্দিষ্টকরণ।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৩.১৭.১৮৮.২০১৫.৭৩২ তারিখ: ০৮/০৮/২০১৬

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত স্মারকে বিভাগ/জেলা/উপজেলা পর্যায়ে অনুষ্ঠেয় মাসিক সভাসমূহে যথাযথ প্রস্তুতি গ্রহণ এবং সভায় অংশগ্রহণকারীগণের উপস্থিতি নিশ্চিতকরণের স্বার্থে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সকল সভাসমূহকে আইনশৃঙ্খলা, উন্নয়ন/সমন্বয়, রাজস্ব ও অন্যান্য-এই চারটি গুচ্ছে ভাগ করে নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সুনির্দিষ্ট করা হয়। এ সকল সভায় জনপ্রতিনিধি, বিভাগ, জেলা বা উপজেলা পর্যায়ের বিভিন্ন কর্মকর্তা ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিগণ যোগদান করে থাকেন।

| ক্রম | পর্যায়           | আইনশৃঙ্খলা বিষয়ক সভাসমূহ                  | উন্নয়ন/সমন্বয় বিষয়ক সভাসমূহ                  | রাজস্ব বিষয়ক সভাসমূহ                    | অন্যান্য সভাসমূহ    | মন্তব্য   |
|------|-------------------|--|---|--|---------------------|---|
| ক)   | বিভাগীয় পর্যায়ে | মাসের তৃতীয় সোমবার                        | মাসের তৃতীয় সোমবার                             | মাসের তৃতীয় সোমবার                      | মাসের তৃতীয় সোমবার | বাস্তব অবস্থা অথবা কোন কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী আগে বা পরে যে কোন সভার আয়োজন করা যেতে পারে। |
| খ)   | জেলা পর্যায়ে     | মাসের দ্বিতীয় রবিবার সকাল ১০.০০ ঘটিকা হতে | মাসের তৃতীয় রবিবার সকাল ১০.০০ ঘটিকা হতে        | মাসের চতুর্থ রবিবার সকাল ১০.০০ ঘটিকা হতে | সুবিধাজনক তারিখে    |   |
| গ)   | উপজেলা পর্যায়ে   | মাসের দ্বিতীয় সোমবার সকাল ১০.০০ ঘটিকা হতে | মাসের দ্বিতীয় বৃহস্পতিবার সকাল ১০.০০ ঘটিকা হতে | মাসের চতুর্থ সোমবার সকাল ১০.০০ ঘটিকা হতে | সুবিধাজনক তারিখে    |   |

০২। উল্লেখ্য, সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর অনেক সময় উপরোক্ত সময়সূচি অনুসরণ না করে একই তারিখ ও সময়ে সভা/সেমিনার/ওয়ার্কশপ আহ্বান করছে। ফলশ্রুতিতে বিভাগ/জেলা/উপজেলা পর্যায়ে সমন্বয়হীনতার সৃষ্টি হচ্ছে এবং বর্ণিত সভাসমূহে অংশগ্রহণকারী/সদস্যগণের অংশগ্রহণের ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হচ্ছে।

০৩। এমতাবস্থায়, বিভাগ/জেলা/উপজেলা পর্যায়ে উপরোল্লিখিত সভাসমূহের তারিখ ও সময়ে অন্য কোন সভা আহ্বান না করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোহাম্মদ আমিনুল ইসলাম খান)  
 উপসচিব  
 ফোন: ৯৫৫১৪২৫  
 email: gfi\_branch@cabinet.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
 স্বাস্থ্য সেবা বিভাগ  
 প্রশাসন-১ অধিশাখা  
 বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
 www.hsd.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৪০.৯৯.০০৭.১৯-১৭৪৪

তারিখ: ২৬ নভেম্বর, ২০১৯ খ্রি.  
 ১১ অগ্রহায়ণ, ১৪২৬ বঙ্গাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল:

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (স্বাস্থ্য), সকল বিভাগ।
- ৩। সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক (সকল).....
- ৪। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল).....
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

(শাহিনা খাতুন)  
 যুগ্মসচিব  
 ফোন: ৯৫৭৭৯৮৫